

# বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

আইপিএ অনুবিভাগ

আইপিএ শাখা-২

www.parliament.gov.bd

## কমনওয়েলথ দিবস ২০১০ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের আয়োজনে আগামী ৮ মার্চ ২০১০ খ্রিঃ কমনওয়েলথ দিবস ২০১০ উদযাপিত হবে। এ উপলক্ষে একটি উন্মুক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বাংলাদেশের সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। প্রতিযোগিতার তথ্য ও নিয়মাবলী নিম্নে দেয়া হলঃ

১. মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ের ৭-১৪ বছর বয়স-সীমার ছাত্র-ছাত্রীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। বয়স প্রমাণের জন্য বিদ্যালয় প্রদত্ত নিবন্ধন পত্রের প্রতিলিপি আঁকা ছবির সাথে জমা দিতে হবে;
২. প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রত্যেক প্রতিযোগীর নাম ও ফোন নম্বর স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুস্বাক্ষরে বা অগ্রায়ন পত্র সহযোগে আগামী ২২ ফেব্রুয়ারি ২০১০ খ্রিস্টাব্দের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে;  
"সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, (দৃঃআঃ মোঃ এনামুল হক, সহকারী সচিব, আইপিএ শাখা-২), পশ্চিম ব্লক, ৮ম তলা, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, ফোনঃ ০২-৮১১২৪৩৩, ফ্যাক্সঃ ০২-৮১১২২৬৭, ইমেইলঃ [sangshod@citechco.net](mailto:sangshod@citechco.net)/ [ipa2branch@yahoo.com](mailto:ipa2branch@yahoo.com) "
৩. ছবির প্রতিপাদ্য বিষয়ঃ "Science, Technology and Society". গুণগত মান ও সৌন্দর্যে, উপস্থাপনে ও অন্তর্নিহিত অর্থে ছবিটি জাতীয় ও আন্তর্জাতিক মানসম্পন্ন হতে হবে;
৪. আগামী ০৫/০৩/২০১০ খ্রিস্টাব্দ বিকাল ০৩.০০-০৫.০০ টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীর সাথে কেবল তার একজন অভিভাবককে প্রতিযোগিতার ভেন্যুতে আসার অনুমতি প্রদান করা হবে;
৫. ছবি অঙ্কনের জন্য কাগজ ব্যতীত অন্যান্য সকল উপকরণ প্রতিযোগীকে সঙ্গে আনতে হবে। এ বিষয়ে জাতীয় সংসদ সচিবালয় হতে ছবি অঙ্কনের কাগজ ব্যতীত কোনো উপকরণ সরবরাহ করা হবে না;
৬. নির্ধারিত সময়ের মধ্যে ছবি আঁকার পর তা একটি নিরপেক্ষ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করা হবে এবং কমিটির মূল্যায়নের ভিত্তিতে ১ম-১০ম স্থান নির্ধারণ করা হবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রীদের প্রাইজমানি হিসাবে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার), ৩,০০০/- (তিন হাজার) ও ২,০০০/- (দুই হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হবে। এছাড়া ৪র্থ-১০ম স্থান অধিকারী প্রত্যেক প্রতিযোগীকে ১,০০০/- (এক হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র প্রদান করা হবে;
৭. প্রতিযোগিতায় কেবল বিজয়ীদের পত্র/ফোন মারফত অবহিত করা হবে এবং পুরস্কার গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ফলাফল চূড়ান্ত হওয়ার পর কমনওয়েলথ দিবস ৮ মার্চ ২০১০ খ্রিঃ অথবা সুবিধাজনক সময়ে সংসদ ভবনের শপথ কক্ষে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার জনাব মোঃ আব্দুল হামিদ, এডভোকেট, এম.পি. বিজয়ীদের মধ্যে পুরস্কার, ক্রেস্ট ও সনদপত্র বিতরণ করবেন;
৮. উল্লেখ্য, ছবি অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ বা পুরস্কার গ্রহণ অনুষ্ঠানে আগমন উপলক্ষে প্রতিযোগী/বিজয়ীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

-----//-----